আলমডাঙ্গায় প্রাথমিক শিক্ষক সমিতির সঙ্গে মেয়ের প্রার্থীর মতবিনিময়

আলমডাঙ্গা উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেছেন পৌরসভা নির্বাচনে মেয়র পদপ্রার্থী, উপজেলা বিএনপির নেতা ও বিশিষ্ট সমাজসেবক হাসিবুল হক লিপু। এ সময় তিনি শিক্ষক সমিতির কার্যালয়ের উন্নয়নের জন্য বিশেষ অনুদান প্রদান করেন।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, আলমডাঙ্গা উপজেলা শাখার কার্যালয়ে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। উপজেলা শাখার সভাপতি ইকবাল উদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন হাসিবুল হক লিপু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “যারা আমাদের সন্তানদের সুশিক্ষিত ও আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, তাদের প্রতি সমাজের কৃতজ্ঞতা থাকা উচিত। শিক্ষকরা একটি জাতির ভবিষ্যৎ নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।”

তিনি আরও বলেন, “শিক্ষক সমাজের প্রতি আমার গভীর শ্রদ্ধা ও সম্মান রয়েছে। নতুন প্রজন্মকে মানবিক, শিক্ষিত ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে আপনাদের অবদান অনস্বীকার্য।”

প্রাথমিক শিক্ষক সমিতি আলমডাঙ্গা উপজেলা শাখার সহ-আইনবিষয়ক সম্পাদক ইসতেশার মো. ফিরোজের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখার সাধারণ সম্পাদক ও আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীন, প্রাথমিক শিক্ষক সমিতি আলমডাঙ্গা উপজেলা শাখার সহসভাপতি জহুরুল হক, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, অর্থবিষয়ক সম্পাদক আনিসুজ্জামান এবং উপজেলা যুবদল নেতা খ. আব্দুল কাদের।

এ ছাড়াও উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]